## আপিলের আবেদন

যদি অভিবাসন কার্যালয় আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণ সংক্রান্ত আপনার আবেদন প্রত্যাখ্যান করে, তাহলে আপনি আপিল করতে পারেন। আশ্রয় প্রদাণ না করে সম্পূরক তত্ত্বাবধান প্রদাণ করলেও আপনি আপিল করতে পারেন।

## এই ব্যাপার গুলোকে বুঝবো কি ভাবে?

আপনার সকল সাক্ষাতকার এবং সরকারী সংস্থাসমূহ থেকে আপনাকে প্রেরীত সকল দলিলপত্র অবশ্যই আপনার বোধগম্য ভাষায় হতে হবে, কিংবা আপনার বোধগম্য ভাষায় দোভাষীর মাধ্যমে অনুদিত হতে হবে।

যদি সংশিষ্ট কর্মকর্তা আপনার বোধগম্য ভাষায় কথা বলতে না পারেন, তবে সরকারী খরচে দোভাষীর ব্যবস্থা করা হয়।

## আইনী পরামর্শ প্রাপ্তির অধিকার

আপনার আবেদন সংক্রান্ত প্রথম স্তরের কার্যক্রম চলাকালীন সময়ে আপনি বিনামূল্যে আইনী পরামর্শ প্রদাণকারী বেসরকারী সংস্থাসমূহের (এন,জি,ও) সাথে যোগাযোগ করতে পারেন, কিংবা নিজের খরচে ব্যক্তিগত আইনজীবির সেবা গ্রহণ করতে পারেন।

আপিল আবেদনের কার্যক্রম চলাকালীন সময়ে আপনার বিনামূল্যে আইনী পরামর্শ প্রাপ্তির অধিকার আছে, যে সম্পর্কে কার্যক্রম চলাকালীন সময়ে আপনাকে বিস্তারীত অবহিত করা হবে।

## ইউ এন এইচ সি আর

জাতিসংঘের উদ্বাস্তু বিষয়ক হাইকমিশনার (ইউ এন এইচ সি আর) বিশ্বের সর্বত্র আন্তর্জাতিক নিরাপত্তা প্রত্যাশী ব্যক্তিবর্গের অধিকার ও সুযোগ-সুবিধা রক্ষার দায়িত্বে নিয়োজিত জাতিসংঘের সর্বোচ্চ সংস্থা। অপনি যদি চান, ইউ এন এইচ সি আর যেন আপনার অবেদন সম্পর্কিত কার্যক্রম বিস্তারীত ভাবে পর্যবেক্ষণ করে, তবে শ্লোভাক প্রজাতন্ত্রের আইন অনুযায়ি অভিবাসন কার্যালয় সমীপে অপনার এ ব্যপারে লিখিত সম্মতি প্রদাণ প্রয়োজন।

অপনার অধিকার রক্ষার সার্থে ইউ এন এইচ সি আর - এর পক্ষে আপনার লিখিত সম্মতি প্রদাণ করতে ভুলবেন না!

## কোথায় সহায়তা পাওয়া সম্ভব?

**KOŠICE**

**Liga za ľudské práva**
Hlavná ulica č. 68
04001 Košice

Mobil: +421 (0) 918 366 968

## বিস্তারীত তথ্যসমূহ

**BRATISLAVA**

**Úrad vysokého komisára OSN pre Utečencov (UNHCR)**
Štúrova ul. 6
811 02 Bratislava

Tel: +421 (0)2 529 27 876
Fax: +421 (0)2 529 27 871

**Liga za ľudské práva**
Hurbanovo nám. 5
811 03 Bratislava

Tel: +421 (0)2 544 35 437, +421 (0)2 546 42 438
Fax: +421 (0)2 546 42 439
Mobil: +421 (0) 918 682 457, +421 (0) 918 857 715
E-mail: hrl@hrl.sk

## ইন্টারনেট

www.unhcr.sk

www.hrl.sk

www.utecenci.sk

UNHCR
The UN Refugee Agency

# স্লোভাক প্রজাতন্ত্রে আন্তর্জাতিক নিরাপত্তা

The Human Rights League
Liga za ľudské práva

ÚRAD HRANIČNEJ A CUDZINECKEJ POLÍCIE
BRATISLAVA



HRL-info_migrants-BENGAL_version.indd 1 28. 9. 2010 13:58:56

## আন্তর্জাতিক নিরাপত্তার অধিকার

স্লোভাক প্রজাতন্ত্রে আন্তর্জাতিক নিরাপত্তার অধিকার নিম্নলিখিত কারণসমূহের প্রেক্ষিতে নির্ধারিত হয় :

- ১৯৪৮ সনের মানবাধিকার সংক্রান্ত সাধারণ ঘোষনাপত্র,
- ১৯৫১ সনের উদ্বাস্তুদের আইনগত অধিকার সম্পর্কিত চুক্তি,
- ১৯৬৭ সনের উদ্বাস্তুদের আইনগত অধিকার সম্পর্কিত প্রটোকল,
- ইউরোপীয় মন্ত্রণা সভার নির্দেশ ২০০৪/৮৩/ইসি: গুণগত নির্দেশপত্র,
- স্লোভাক প্রজাতন্ত্রের সংবিধান ও
- আশ্রয় প্রদাণ সম্পর্কিত আইন।

## আমি কি আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করতে পারি?

অবশ্যই, আপনারও অন্য সকলের মতই স্লোভাক প্রজাতন্ত্রে আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করার অধিকার আছে।

স্লোভাক প্রজাতন্ত্রে অবৈধ ভাবে প্রবেশ করলেও আপনি নিম্নলিখিত যেকোন কারণে আন্তর্জাতিক নিরাপত্তার প্রয়োজন হলে তার জন্য আবেদন করতে পারেন।

## কে আন্তর্জাতিক নিরাপত্তার সুবিধা পেতে পারে?

আপনাকে অশ্রয় (উদ্বাস্তু হিসেবে স্বীকৃতি) প্রদাণ করা হবে যদি আপনার নিম্নলিখিত কারণে নির্যাতিত হওয়ার যুক্তিসঙ্গত ভীতির কারণ বিদ্যমান থাকে:

- বর্ণের কারণে,
- ধর্মের কারণে,
- জাতীয়তার কারণে,
- নির্দিষ্ট কোন সামাজিক গোষ্ঠিভুক্ত (যা নির্যাতিত) হওয়ার কারণে,
- নির্দিষ্ট কোন রাজনৈতিক মতাদর্শের কারণে এবং

উলেখিত ভীতির কারণে নিজের মাতৃভূমিতে অথবা আবাসস্থলে ফিরে যাওয়া অসম্ভব হয় কিংবা ফিরে যেতে না চান।

স্লোভাক প্রজাতন্ত্র আপনাকে সম্পূরক তত্ত্বাবধান প্রদাণ করবে, আপনি যদি আশ্রয় প্রদাণ সম্পর্কিত শর্তসমূহ পূরণ না করেন, কিন্তু নিজের মাতৃভূমিতে অথবা আবাসস্থলে ফিরে গেলে নিম্নলিখিত গুরুতর অবিচারের শিকার হতে পারেন, যেমন:

- মৃত্যুদন্ডে সাজাপ্রাপ্ত হওয়া অথবা মৃত্যুদন্ড কার্যকর হওয়া,
- নির্যাতন, অমানবিক কিংবা অপমানজনক আচরনের শিকার বা শাস্তিপ্রাপ্ত হওয়া অথবা
- স্বশস্ত্র সংঘাত কালীন সময়ে স্বৈরাচারী অত্যাচারের শিকার হয়ে জীবনের হুমকির সম্মুখিত হওয়া।

এক বছরের জন্য সম্পূরক তত্ত্বাবধান প্রদাণ করা হয় এবং তা পুণ:বর্ধণ করা যায়।

## কি ভাবে আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করা যায়?

আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করতে পারেন:

- স্লোভাক প্রজাতন্ত্রে প্রবেশের পর যেকোন সীমান্তবর্তী স্থানে কিংবা বিমানবন্দরে পুলিশ কর্মকর্তার কাছে,
- স্লোভাক প্রজাতন্ত্রে প্রবেশের পর যেকোন সরকারী সংস্থার কাছে সাহায্য চাইতে পারেন, যার কর্মকর্তারা অধপনাকে সংশিষ্ট পুলিশ কার্যালয়ে যেতে সহযোগিতা করবে,
- হুমেন্নে বা আদামভ- গ্বেলির আশ্রয় কেন্দ্রের আশ্রয় প্রদাণ সম্পর্কিত পুলিশ বিভাগে,
- যদি অপনি বিদেশীদের জন্য নির্ধারিত আটককেন্দ্রে অবস্থান করেন, তবে সেই কেন্দ্রের পুলিশ বিভাগে,
- যদি অপনি হাসপাতালে, অভিবাবকহীন অপ্রাপ্ত বয়স্ক বিদেশীদের জন্য নির্ধারিত কেন্দ্রে, কিংবা কারাগারে অবস্থান করেন, তবে সেইসব সংস্থার কর্মকর্তাদের সহায়তায় নিকটবর্তী পুলিশ বিভাগে যোগাযোগ করুন।

স্লোভাক প্রজাতন্ত্রে প্রবেশের পর যত দ্রুত সম্ভব আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করা আপনার জন্য জরুরী।

আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদনপত্র দাখিল করার পর আপনাকে হুমেন্নের আশ্রয় কেন্দ্রে স্থানান্তরীত হওয়ার জন্য আহ্বান করা হবে। কিভাবে ওই আশ্রয় কেন্দ্রে যেতে পারবেন তা ব্যাখ্যা করে আপনাকে বিনামূল্যে ২৪ ঘন্টা মেয়াদের হুমেন্নেতে যাওয়ার বাস অথবা রেলের টিকিট প্রদাণ করা হবে।

বিনামূল্যের ভ্রমণ টিকিট হস্থগত হওয়ার ২৪ ঘন্টার মধ্যে আপনাকে হুমেন্নের আশ্রয় কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

সিমান্ত ও বৈদেশীক পুলিশের সাথে প্রথম সংস্পর্শের সময় আপনার আঙ্গুলের ছাপ গ্রহণ এবং ছবি তোলা হবে (এই বিষয়গুলো "ইউরোডাক" এর ডাটা বেইজে সংরক্ষণ করা হবে)।

## ইউরোডাক ও ডাবলিন ২ কি?

"ইউরোডাক" হচ্ছে সকল ব্যক্তির, যারা ইউরোপের এমন কোন দেশে যেখানে ডাবলিনের বিধান ২ কার্যকর আছে (ইউরোপিয়ান ইউনিয়নের সব সদস্য দেশ, নরওয়ে ও সুইজারল্যান্ড), আন্তর্জাতিক নিরাপত্তা প্রদানের জন্য আবেদন করেছে, আঙ্গুলের ছাপ সংযুক্ত ডাটাবেইজ। এই ডাটাবেইজে ১৪ বছরের অধিক বয়সের অধিকারী ব্যক্তিদের আঙ্গুলের ছাপ রক্ষিত থাকে।

ডাবলিনের বিধান ২ অনুযায়ি শুধু একটি সদস্য দেশেই আন্তর্জাতিক নিরাপত্তা প্রদানের জন্য আবেদন করতে পারেন। এমন কোন দেশে আবেদন করার পর সেই দেশ ত্যাগ করে যদি ইউরোপের অন্য কোন দেশে যেখানে ডাবলিনের বিধান ২ কার্যকর আছে, আন্তর্জাতিক নিরাপত্তা প্রদানের জন্য আবেদন করেন, তবে "ইউরোডাক"- এর ডাটাবেইজে সংরক্ষিত আপনার আঙ্গুলের ছাপ তা প্রকাশ করে দেবে এবং সবসময় যে দেশে প্রথম বার আবেদন করেছেন, সে দেশে আপনাকে ফেরত পাঠানো হবে।

## আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণ সংক্রান্ত কার্যক্রম কি?

হুমেন্নের আশ্রয় কেন্দ্রে আসার পর আপনার আবেদন লিপিবদ্ধ করা হবে।

একই ভাবে আপনার ব্যক্তিগত তথ্যাবলিও লিপিবদ্ধ করা হবে। এই তথ্যগুলো হচ্ছে মূলত:

- আপনার ব্যক্তিগত তথ্যাবলী,
- আপনার ব্যক্তিগত / ভ্রমণ সংক্রান্ত দলিল সম্পর্কিত তথ্যাবলী,
- স্লোভাক প্রজাতন্ত্রে আপনার ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী,

আপনার সাথে থাকা সব দলিলপত্র সংশিষ্ট কর্মকর্তারা নিয়ে নেয়ার পর আপনাকে এ সম্পর্কে রসিদ প্রদাণ করবে।

এরপর আশ্রয় প্রদাণ কার্যক্রম চলাকালীন সময়ে আপনার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আপনাকে অবহিত করা হবে এবং আশ্রয়প্রার্থীর পরিচয়পত্র প্রদাণ করা হবে।

আপনার আশ্রয় প্রদাণের আবেদনপত্র অভিবাসন কার্যালয়কে পাঠানো হবে এবং তারা এই আবেদনপত্র নিরীক্ষণের পর আপনি আন্তর্জাতিক নিরাপত্তা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় শর্তসমূহ পূরণ করেন কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত নিবে। এই লক্ষ্যে অভিবাসন কার্যালয় আপনার বিস্তারীত সাক্ষাতকার গ্রহণ করবে।

আপনার আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের আবেদন সম্পর্কিত কার্যক্রম শুরু করার আগে অভিবাসন কার্যালয় অন্য কোন দেশ, যেখানে ডাবলিনের বিধান২ কার্যকর আছে আপনার আবেদনপত্র পরীক্ষা করার দায়িত্বপ্রাপ্ত কিনা তা নির্ণয় করবে।

যদি নির্ণিত হয় যে, অন্য কোন দেশ আপনার আবেদনপত্র পরীক্ষা করার দায়িত্বপ্রাপ্ত অথবা

আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য অন্য কোন দেশে, যেখানে ডাবলিনের বিধান২ কার্যকর আছে আবেদন করেছেন, তবে আপনাকে ওই দেশে ফেরত পাঠানো হবে।

কি কারণে অপনি আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের জন্য আবেদন করছেন সে সম্পর্কে সকল সত্য কারণসমূহ ব্যাখ্যা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার আবেদন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি হবে অভিবাসন কার্যালয়ের কর্মকর্তার সাথে আপনার সাক্ষাতকারের বিবরণ।

## সিদ্ধান্ত

যদি শ্লোভাক প্রজাতন্ত্র আপনার আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণের আবেদনপত্র পরীক্ষা করার দায়িত্বপ্রাপ্ত হয়, তবে এর বিষয়বস্তু সম্পর্কে বিস্তারীত নিরীক্ষণের পর অভিবাসন কার্যালয় নিম্নে উলেখিত যেকোন একটি সিদ্ধান্ত প্রদাণ করতে পারে:

- আশ্রয় প্রদাণ (উদ্বাস্তু হিসেবে স্বীকৃতি)
- আশ্রয় প্রদাণ না করা, কিন্তু সম্পূরক তত্ত্বাবধান প্রদাণ অথবা
- আন্তর্জাতিক নিরাপত্তা প্রদাণ সংক্রান্ত আপনার আবেদন প্রত্যাখ্যান করা।

HRL-info_migrants-BENGAL_version.indd 2 28. 9. 2010 13:58:58